



## জাতীয় গ্রন্থকেন্দ্র

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

৫/সি, বঙ্গবন্ধু এভিনিউ, ঢাকা-১০০০

ফোন-৯৫৫৫৭৪৩ ও ৯৫৫৫৭৪৫, ফ্যাক্স-৯৫৭২২১১

Email: granthakendro.org@gmail.com, Web : www.nbc.org.bd



### বেসরকারি গ্রন্থাগারে অনুদানের জন্য দরখাস্ত আহ্বান

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের রাজস্ব খাতে বরাদ্দকৃত অর্থ থেকে ২০১৭-২০১৮ অর্থ বছরের জন্য বেসরকারি গ্রন্থাগারসমূহে অনুদান প্রদানের নিমিত্ত বেসরকারি গ্রন্থাগার থেকে নির্ধারিত ফরমে আবেদন আহ্বান করা যাচ্ছে।

#### নিয়মাবলী

- (ক) যে সকল গ্রন্থাগারের জন্য আবেদন করা হবে তার রেজিস্ট্রেশন/তালিকাভুক্তির সনদের সত্যায়িত কপি অবশ্যই সংযুক্ত করতে হবে।
- (খ) নির্ধারিত আবেদন ফরম বাংলাদেশ সচিবালয়ের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের উপসচিব-২ অথবা জাতীয় গ্রন্থকেন্দ্র, ৫/সি বঙ্গবন্ধু এভিনিউ, ঢাকা থেকে সংগ্রহ করা যাবে। এ ছাড়া জাতীয় গ্রন্থকেন্দ্র ওয়েবসাইট [www.nbc.org.bd](http://www.nbc.org.bd), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় [www.moca.gov.bd](http://www.moca.gov.bd) ওয়েবসাইট হতে আবেদন ফরম ডাউনলোড করে আবেদন পাঠানো যাবে।
- (গ) আবেদন ফরমে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার/জেলা প্রশাসক (মেট্রোপলিটন এলাকার জন্য) গ্রন্থাগারসমূহের অস্তিত্ব ও কার্যক্রম সম্পর্কে নিশ্চিত হয়ে প্রত্যয়ন করবেন এবং স্থানীয় সংসদ সদস্য/জেলা প্রশাসক/উপজেলা পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র এর সুপারিশ থাকতে হবে।
- (ঘ) আবেদনপত্রের সঙ্গে আবেদনকারীর (পাঠাগারের সভাপতি/সাধারণ সম্পাদক/মনোনীত প্রতিনিধি) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে।
- (ঙ) আবেদন ফরম আংশিক পূরণকৃত এবং স্থানীয় জনপ্রতিনিধি/স্থানীয় প্রশাসন কর্তৃক যথাযথ প্রত্যয়নকৃত না হলে আবেদন বাতিল বলে গণ্য হবে।
- (চ) আবেদন পত্র ৩০ নভেম্বর ২০১৭ তারিখের মধ্যে সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ভবন-৬ (১০তলা) ঢাকা-১০০০ বরাবরে পাঠাতে হবে। কোনোভাবেই এই সময়সীমা বৃদ্ধি করা হবে না।
- (ছ) শিক্ষা প্রতিষ্ঠান, ধর্মীয় প্রতিষ্ঠান, এতিমখানা কিংবা এনজিও পরিচালিত কোনো গ্রন্থাগার এই অনুদানের আওতায় আসবে না।
- (জ) অগ্রহী গ্রন্থাগারসমূহকে অনুদানের জন্য নির্ধারিত ফরমে যথানিয়মে আবেদন করতে হবে। গ্রন্থাগারের প্যাডে আবেদন গ্রহণযোগ্য নয়।
- (ঝ) গ্রন্থাগারের ব্যাংক হিসাব নম্বরের অনুকূলে অনুদানের চেক প্রদান করা হবে বিধায় ব্যাংক হিসাব নম্বর থাকতে হবে। গ্রন্থাগারের ব্যাংক হিসাব নম্বর না থাকলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। উল্লেখ্য, গ্রন্থাগারটি যে উপজেলায় অবস্থিত সে উপজেলায় অবস্থিত ব্যাংক ব্যতীত অন্য কোন এলাকার ব্যাংক হিসাব নম্বর গ্রহণযোগ্য হবে না।
- (ঞ) পূর্ববর্তী বছর/বিগত সময়ে অনুদান পেয়ে থাকলে উক্ত গ্রন্থাগারের বার্ষিক আয়-ব্যয়ের নিরীক্ষিত প্রতিবেদন আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

(মোঃ নজরুল ইসলাম)

পরিচালক (উপসচিব)

৫/সি